গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd-

নং ১০.০০.০০০০.১২৬.২০.১৩৮.১৮.২৪৯৮

তারিখ: ১০ আশ্বিন ১৪৩২
২৫ সেপ্টেম্বর ২০২৫

প্রেরক: মো: হারুন রেজা
সিনিয়র সহকারী সচিব

প্রাপকঃ চীফ একাউন্টস ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং-৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ চলতি **২০২৫-২৬** অর্থবছরে জেলা ও দায়রা আদালত, মৌলভীবাজার- কে "৩২১১১৩১- আউটসোর্সিং"খাতে অর্থ বরাদ্দ।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে চলতি ২০২৫-২৬ অর্থবছরে আইন ও বিচার বিভাগ এর '১২১০৪০২০০০০০০'- জেলা ও দায়রা জজ আদালতসমূহ"এর কোডের অধীন "৩২১১১৩১-আউটসোর্সিং" খাতে (পণ্য ও সেবা খাত) চাহিদা পত্রের প্রেক্ষিতে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ এর আলোকে ছকে উল্লিখিত জেলা ও দায়রা জজ আদালত মৌলভীবাজার-কে সেবা মূল্য পরিশোধ করার জন্য ছকে বর্ণিত বিভাজন অনুযায়ী শর্ত প্রতিপালন সাপেক্ষে অর্থ ছাড়করণের সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তাবলী ঃ

১। (ক) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করতে হবে;
(খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসেবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;
(গ) জনপ্রতি সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা- ৩ এর স্মারক নং- ০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.২১.১৭৮, তারিখঃ ১৫/০৪/২০২৫ খ্রিঃ এর পরিপত্র অনুসরণ করতে হবে;
(ঘ) অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতিপত্র ব্যতিত কোন ধরণের আউটসোর্সিং সেবা গ্রহণ করা যাবে না;
(ঙ) হালনাগাদ চুক্তিপত্র ব্যতিত কোনো ধরণের সেবা মূল্য পরিশোধ করা যাবে না;
(চ) আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর অধীন নির্ধারিত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে এ বিভাগের সম্মতি থাকতে হবে;
(ছ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রাপ্য সার্ভিস চার্জ বা কমিশন থেকে আয়কর কর্তন করতে হবে, উক্ত আয়কর সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ প্রদান করবে না;
(জ) বর্তমান বরাদ্দ হতে চলতি অর্থবছরের জন্য অর্থ ব্যয় করতে হবে। পূর্বের অর্থবছরের বকেয়া পরিশোধের ক্ষেত্রে এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;
(ঝ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন/২০২৬ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।

জেলা ও দায়রা জজ আদালত

| ক্রমিক নং | আদালত/ ট্রাইব্যুনালের নাম | পদের নাম | পদ সংখ্যা | বাৎসরিক সেবামূল্য (১মাস x১২ মাস) | সেবামূল্যের ৫০% করে বছরে ২টি উৎসব প্রণোদনা ভাতা | সেবামূল্যের ২০% করে বছরে ১টি নববর্ষ প্রণোদনা ভাতা | প্রতিষ্ঠানের সার্ভিস চার্জ (৫%-১০%) | প্রদেয় ভ্যাট ১৫% | বাৎসরিক মোট সেবামূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | জেলা ও দায়রা জজ আদালত, মৌলভীবাজার | নিরাপত্তা প্রহরী | ০১ | ১৬,৬৭৩ x ১২ মাস= ২,০০,০৭৬ | ১৬,৬৭৩ | ৩,৩৩৫ | ১১,০০৪ (৫% হারে) | ৩৪,৬৬৩ | ২,৬৫,৭৫১/- |
| | | পরিচ্ছন্নতা কর্মী | ০১ | ১৬,৬৭৩ x ১২ মাস= ২,০০,০৭৬ | ১৬,৬৭৩ | ৩,৩৩৫ | ১১,০০৪ (৫% হারে) | ৩৪,৬৬৩ | ২,৬৫,৭৫১/- |
| | | | | | | | | সর্বমোট= | ৫,৩১,৫০২/- |

স্বা・
(মো: হারুন রেজা)
সিনিয়র সহকারী সচিব
lawjusticediv.budget@gmail.com
ফোনঃ ৯৫৪০০০৯(অ)

নং ১০.০০.০০০০.১২৬.২০.১৩৮.১৮.২৪৯৮

তারিখ: ১০ আশ্বিন ১৪৩২
২৫ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১। জেলা ও দায়রা জজ মৌলভীবাজার (আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক বরাদ্দকৃত অর্থ ব্যয় করার জন্য অনুরোধ করা হলো)।

২। ডিস্ট্রিক্ট কন্ট্রোলার এন্ড ফিন্যান্স অফিসার, মৌলভীবাজার।

৩। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

৪। অফিস কপি/ গার্ড ফাইল।

২৫.০৯.২৫

(মো: হারুন রেজা)
সিনিয়র সহকারী সচিব